

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৫৯৩

আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৪

সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় জাতীয় সড়ক প্রতিমন্ত্রী

উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির উন্নয়নে কেন্দ্রীয়

সরকার বিশেষ নজর দিয়ে কাজ করছে

উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির উন্নয়নে কেন্দ্রীয় সরকার বিশেষ নজর দিয়ে কাজ করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নির্দেশিত পথে এই লক্ষ্যে একের পর এক উদ্যোগ নেওয়া হচ্ছে। রাজ্যের উন্নয়ন নিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সঙ্গে কথা হয়েছে। আজ সন্ধ্যায় রাজ্য অতিথিশালায় এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক প্রতিমন্ত্রী অজয় টামটা একথা বলেন। তিনি বলেন, আগামী দিনগুলিতে ত্রিপুরার রাস্তাঘাটের উন্নতি যাতে আরও ব্যাপকভাবে করা যায় সে লক্ষ্যে কাজ করা হচ্ছে।

সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক প্রতিমন্ত্রী অজয় টামটা বলেন, ২০১৪ সালে নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন সরকার ক্ষমতাসীন হওয়ার পর সীমান্তবর্তী রাজ্যগুলির উন্নয়নের উপর বিশেষ নজর দেওয়া হচ্ছে। এই রাজ্যগুলির সড়ক, বিদ্যুৎ, জল, স্বাস্থ্য পরিষেবা ইত্যাদির উন্নয়নে অগ্রাধিকারের ভিত্তিতে কাজ হচ্ছে। তিনি বলেন, নিয়মিতভাবে কেন্দ্রীয় মন্ত্রণালয় উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলি সফর করছেন এবং উন্নয়নমূলক কাজকর্মের পর্যালোচনা করছেন। এতে যে সমস্ত বিষয়ে সমস্যা বা ঘাটতি থেকে যাচ্ছে সেগুলি সমাধান করা সহজ হচ্ছে। তিনি বলেন, আগে ত্রিপুরায় একটি জাতীয় সড়ক ছিল। এখন ৬টি জাতীয় সড়ক করা হয়েছে। দক্ষিণ পূর্ব এশিয়ার করিডোর হিসেবে যাতে ত্রিপুরা পরিগণিত হতে পারে সে লক্ষ্যে বিভিন্ন প্রকল্প নেওয়া হচ্ছে। কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক প্রতিমন্ত্রী অজয় টামটা বলেন, সাম্প্রতিক বন্যায় রাজ্যের যে সমস্ত সড়ক ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলি মেরামত করার উদ্যোগ নেওয়া হয়েছে। রাজ্যে যে ৭৯৩ কিলোমিটার জাতীয় সড়ক রয়েছে তার মধ্যে ৭৫০ কিলোমিটার রাস্তার দেখাশুনার দায়িত্ব এনএইচআইডিসিএল করছে। তিনি বলেন, জাতীয় সড়কের যে অংশগুলি দুই লেন রয়েছে সেগুলি চার লেনে রূপান্তর করা হবে। এরজন্য বেশ কিছু রাস্তার ডিপিআর তৈরির কাজ চলছে। তিনি বলেন, ত্রিপুরায় যাতে মাল্টিলেভেল লজিস্টিক পার্ক গড়ে তোলা যায় সে লক্ষ্যে আলোচনা চলছে।

\*\*\*\*\*